




KUBAA Newsletter

Connecting careers to community

Inaugural Issue 2026



Explore KUBAA

INSIDE

- Alumni Spotlight | From KU to BUET
- Career Highlights | Global Pharma
- Internships | Grants | Jobs | PhD
- Science Breakthrough | Skills Corner
- Community Connect | Achievement Spotlight

Editorial

মিশন (Mission):

KUBAA নিউজলেটারের লক্ষ্য হলো খুলনা বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যালামনাই ও শিক্ষার্থী মধ্যে জ্ঞান, অভিজ্ঞতা ও অনুপ্রেরণার একটি শক্তিশালী সেতুবন্ধন তৈরি করা। গবেষণা, অর্জন, ক্যারিয়ার সুযোগ এবং কমিউনিটির কার্যক্রম তুলে ধরে আমরা একটি সক্রিয় ও সহযোগিতামূলক নেটওয়ার্ক গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ।

ভিশন (Vision):

আমাদের ভিশন হলো একটি বৈশ্বিকভাবে সংযুক্ত, উদ্ভাবনমুখী ও জ্ঞানভিত্তিক অ্যালামনাই প্ল্যাটফর্ম তৈরি করা, যা বিজ্ঞানচর্চা, নেতৃত্ব, সহযোগিতা ও আজীবন শেখার সংস্কৃতিকে উৎসাহিত করবে। নিউজলেটারকে আমরা অ্যালামনাই ও শিক্ষার্থীদের জন্য অনুপ্রেরণা, দিকনির্দেশনা ও সুযোগের নির্ভরযোগ্য মাধ্যম হিসেবে প্রতিষ্ঠা করতে চাই।

উদ্দেশ্য (Purpose / Objectives):

- BGE ডিসিপ্লিন, অ্যালামনাই এবং বর্তমান শিক্ষার্থীদের মধ্যে স্থায়ী মেলবন্ধন ও সহযোগিতার ক্ষেত্র তৈরি করা
- ক্যারিয়ার উন্নয়ন, উচ্চশিক্ষা এবং পেশাগত সুযোগ সম্পর্কে দিকনির্দেশনা প্রদান করা
- গবেষণা, উদ্ভাবন, স্টার্টআপ উদ্যোগ ও পেশাগত সাফল্যের গল্প তুলে ধরা
- ইন্টারশিপ, গ্রান্ট, পিএইচডি, স্টার্টআপ ও চাকরির সুযোগ এক প্ল্যাটফর্মে পৌঁছে দেওয়া
- মেন্টরশিপ এবং নেটওয়ার্কিং কে উৎসাহিত করা
- তরুণ গবেষক ও শিক্ষার্থীদের উদ্যোক্তা মনোভাব গড়ে তোলা এবং ভবিষ্যৎ পরিকল্পনায় বাস্তবায়নে সহায়তা করা।

Contributors:

(KUBAA Digital Footprint Subcommittee):

- ✓ Dr. Md. Morsaline Billah (BGE '95)
- ✓ Dr. Ahsan Habib (BGE '97)
- ✓ Subrata Guha (BGE '01)
- ✓ Ajgor Khan Rasel (BGE '05)
- ✓ Jamil Shuvo (BGE '14)
- ✓ Md Tangimul Islam (BGE '16)
- ✓ Mehedi Hasan Pritom (BGE '18)
- ✓ Sobuj Paul (BGE '21)


Acknowledgement: Arthi Paul · Rafiya Raidah · Shekh Subarno Rahman Dhrubo · Susmita Paul · Suriya Akther (21 Batch) · Amatul Quader Tahmida (22 Batch)

Alumni Spotlight | From KU to BUET

এলামনাই স্পটলাইটের প্রথম সংখ্যায়, ১৮ ব্যাচের মেহেদী হাসান খ্রীতম তুলে ধরেছেন তাঁর গবেষণার গল্প। ব্যাকটেরিয়ার বিরুদ্ধে চলমান বৈশ্বিক লড়াইয়ে তাঁর কাজ খুলে দিয়েছে নতুন এক সম্ভাবনার দ্বার। প্রচলিত অ্যান্টিবায়োটিক যখন ক্রমশ কার্যকারিতা হারাচ্ছে, তখন বিকল্প সমাধানের খোঁজে তাঁর এই গবেষণা একদিকে যেমন বৈজ্ঞানিক অনুসন্ধানের দৃষ্টান্ত, তেমনি বাস্তব সমস্যার সম্ভাব্য সমাধানের দিকেও সাহসী অগ্রযাত্রা। চলুন, তাঁর কাছ থেকেই জেনে নেওয়া যাক বুয়েটে সম্পন্ন হওয়া মাস্টার্স থিসিস যাত্রার গল্প; যেখানে মাইক্রোবায়োলজি, ন্যানোটেকনোলজি এবং উদ্ভাবনী চিন্তা মিলেছে এক অনন্য প্রয়াসে।

কথায় আছে শত্রু যত ছোটই হোক তাকে দুর্বল মনে করা মূর্খতা। কথাটির চাম্ফুষ প্রমাণ মেলে অতি ক্ষুদ্র ব্যাকটেরিয়ার দিকে লক্ষ করলেই। মাইক্রোস্কোপ ছাড়া যাকে দেখাই যায় না, সেই নাকি প্রতিরোধ গড়ে তুলছে বাঘা বাঘা সব অ্যান্টিবায়োটিক এর বিরুদ্ধে! বর্তমান বিশ্বে আমাদের চিন্তা রেখায় ভাঁজ পড়ার মত যত বিষয় রয়েছে তার মধ্যে অন্যতম প্রধান হলো ব্যাক্টেরিয়ার এই প্রতিরোধ ব্যবস্থা। চিন্তা হবে নাই বা কেন বলুন; বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদন অনুযায়ী আগামী ২০৫০ সালের মধ্যে এন্টিবায়োটিক রেসিস্টেন্স এর কারণেই বৈশ্বিক মৃতের সংখ্যা আনুমানিক ধরা হয়েছে অন্তত ১ কোটি! অন্যদিকে নতুন নতুন এন্টিবায়োটিক এর সন্ধান বিজ্ঞানীরা হচ্ছেন দিশাহারা। তাহলে এই ভয়াবহ দুর্দিন থেকে পরিত্রাণের উপায় কি হবে?


আপাতত সব থেকে কার্যকরী উপায় হলো ব্যাকটেরিয়ার বিরুদ্ধে বিকল্প উপায় খুঁজে বের করা। এখনও পর্যন্ত যতগুলো বিকল্প খুঁজে পাওয়া গিয়েছে তার মধ্যে ব্যাক্টেরিওফেজ এবং ন্যানোম্যাটেরিয়াল আমার দৃষ্টি আকর্ষণ করেছে সব থেকে বেশি। আলাদা ভাবে দুইটি উপায়ই চমৎকারভাবে কাজ



করতে পেরেছে এমন অনেক ব্যাকটেরিয়ার বিরুদ্ধে যাদের পরাস্ত করা যায়নি প্রচলিত অনেক এন্টিবায়োটিক দিয়ে। কিন্তু তাদের মিলিত প্রচেষ্টা কি এই আক্রমণ এর মাত্রা কে আরও বাড়িয়ে তুলতে পারে? এই প্রশ্নের উত্তর খুঁজতেই শুরু করি আমার থিসিস যাত্রা বুয়েটের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর ABRI ল্যাব এ ড. শোয়েব আহমেদ স্যারের তত্ত্বাবধানে।

শুরুতেই শত্রু হিসেবে খুঁজে নিলাম মাল্টিড্রাগ রেসিস্টেন্ট *klebsiella pneumoniae* এর একটি স্ট্রইনকে। এরপরের কাজ ছিলো তার বিরুদ্ধে আমার প্রথম সৈনিক *klebsiella phage* কে খুঁজে বের করা। বিভিন্ন উৎস থেকে সংগৃহীত স্যাম্পলে খুঁজতে খুঁজতে অবশেষে পেয়ে গেলাম দুইটি ভিন্ন ধরনের phage। এই phage দুটি আবার *klebsiella* এর ভিন্ন ভিন্ন কয়েকটি স্ট্রইনকে ঘায়েল করতে

পারে লাইটিক সাইকেলের মাধ্যমে। তার মানে একসাথে এদের ব্যবহার কয়েকটি ভিন্ন ধরনের *klebsiella* এর বিরুদ্ধে কাজ করবে। Whole Genome Sequence এর বিভিন্ন পরীক্ষণের ফলাফল পর্যবেক্ষণ করে জানতে পারলাম দুটির মধ্যে একটি phage এর সন্ধান প্রথমবারের মত পাওয়ার সম্ভাবনা অনেক বেশি। কিন্তু phage ব্যবহারের সব থেকে বড় সীমাবদ্ধতা হলো এরা প্রচন্ডভাবে হোস্ট স্পেসিফিক। অর্থাৎ অন্য ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে তো কাজ করবেই না, বরং অনেক *klebsiella* এর স্ট্রেইনের বিরুদ্ধেও এরা অকার্যকর। কিন্তু আমার উদ্দেশ্য ছিলো যেন এই প্রচেষ্টা প্রায় সব ধরনের ব্যাকটেরিয়ার বিরুদ্ধে কাজ করে।



এই চিন্তা মাথায় রেখেই সিদ্ধান্ত নিলাম ন্যানোম্যাটেরিয়াল কে বেছে নিব দ্বিতীয় সৈনিক হিসেবে। আমার পছন্দের তালিকায় শুরুতেই ছিলো টাইটেনিয়াম ডাইঅক্সাইড। ন্যানোস্কেলে থাকা ম্যাটেরিয়াল গুলো তাদের বিস্তার অমসৃণ সার্ফেস এর মাধ্যমে গ্রাম পজেটিভ এবং গ্রাম নেগেটিভ দুই ধরনের ব্যাকটেরিয়ার কোষপ্রাচীরই বিদীর্ণ করে ফেলতে পারে। কিন্তু ডিএনএ পর্যায়ে এদের কার্যকারিতায় রয়েছে একটু ধোয়াশা। আর এই সংশয়ের অবসান ঘটায় টাইটেনিয়াম ডাইঅক্সাইড এর ফটোক্যাটালিটিক কার্যকলাপ। ব্যান্ডগ্যাপ এনার্জি মাত্র -৩.১৫ eV হওয়ায় UV-A অঞ্চলের আলোতেই তৈরি করতে পারে ROS (Reactive Oxygen Species) যা ব্যাকটেরিয়ার ডিএনএ কে ভেঙে ফেলতে সক্ষম।

এরপরের কাজ ছিলো ব্যাক্টেরিওফাজ এবং UV এর মাধ্যমে উদ্দীপিত ন্যানোম্যাটেরিয়াল এর মিশ্রণকে চিহ্নিত ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে যুদ্ধে পাঠানো যে কিনা আমার পরীক্ষিত ১০ টির মধ্যে ৯ টি এন্টিবায়োটিক এর বিরুদ্ধেই প্রতিরোধে সক্ষম ছিলো। আশ্চর্যজনকভাবে লক্ষ করলাম UV এর অনুপস্থিতিতে যে সময়ে প্রায় ৯৯% ব্যাকটেরিয়া নিশ্চিহ্ন হয়, ঠিক একই ফলাফল UV এর উপস্থিতিতে পাওয়া গেল তার অর্ধেক সময়ে! অর্থাৎ, একইসাথে ব্যাক্টেরিওফেজ, টাইটেনিয়াম ডাইঅক্সাইড এবং ROS কাজ করছে। আর এই ত্রিমুখী আক্রমণেই স্বল্প সময়ে নিশ্চিহ্ন হচ্ছে বিভিন্ন রোগ সৃষ্টিকারী ক্ষতিকর ব্যাকটেরিয়া।

এভাবেই মাল্টিড্রাগ রেসিস্ট্যান্ট ব্যাক্টেরিয়ার বিরুদ্ধে একটি অনন্য এবং তুলনামূলক কার্যকরী প্রচেষ্টার ফলাফল উপস্থাপনের মাধ্যমে সম্পন্ন করলাম মাস্টার্স এর থিসিস। পরবর্তীতে এই প্রচেষ্টার উপযোগিতা যাচাই করা যেতে পারে জীবিত কোষের ক্ষেত্রে, বিভিন্ন সারফেস জীবাণুমুক্ত করার কাজে অথবা দূষিত পানির শোধনাগারে। ভবিষ্যতের জন্য phage গবেষণা আমাদের সামনে অপার সম্ভাবনার সুযোগ সৃষ্টি করবে বলে আমি আশাবাদী।

'No Action Today; No Cure Tomorrow'

**Want yourself featured next?
bgeku95@gmail.com**

Career Highlights | Global Pharma



গ্রাজুয়েট ইন্টারভিউ এ আজকের অতিথি হিসেবে আছেন ০১ ব্যাচের ড. কামরুল হাসান। বর্তমানে তিনি Principal Scientist হিসেবে Servier Pharmaceutical এ

কাজ করছেন। তার সঙ্গে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্মৃতিচারণ এবং পেশাগত যাত্রা নিয়ে আলাপ করেছেন ১৮ ব্যাচের প্রীতম।

খুলনা বিশ্ববিদ্যালয়ে আপনার গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা কী ছিল?

ধন্যবাদ। খুলনা বিশ্ববিদ্যালয় আমার জন্য অসাধারণ। বন্ধুবান্ধব, ল্যাবের কাজ, শিক্ষকদের সঙ্গে সময় সবকিছুই শিক্ষণীয়। খুব ছোট ছোট সমস্যার সমাধান খুঁজতে শেখা এবং সতর্কভাবে কাজ করা আমার জীবনের এক অমূল্য শিক্ষা।

আপনি ফাইনাল ইয়ার-এ Plant Tissue Culture Lab-এ কাজ করেছেন। এই অভিজ্ঞতা আপনার ভবিষ্যতের কাজে কীভাবে সাহায্য করেছে?

শুরুতে খুব চ্যালেঞ্জিং ছিল কারণ ঐ সময়ে Advance tools সহজলভ্য ছিল না। ল্যাবে প্রায় সব কাজ একা করতে হতো। প্রথমে এটা কঠিন মনে হলেও ধীরে ধীরে শিখেছি ধৈর্য ও সতর্কতার মূল্য কতটা। এইসময় আমি হাতে-কলমে গবেষনার পদ্ধতি, ইথিকস ও ল্যাব সেইফটি শিখেছি। শিক্ষার্থীরা যদি এই ধরনের অভিজ্ঞতা পান, তাদের আন্তর্জাতিকভাবে কাজ করার প্রস্তুতি আরও শক্তিশালী হয়।

Sweden-এর Lund University-তে আপনার গবেষণা কি নিয়ে ছিলো?

Sweden-এ কাজের সময় আমি Biosensor এবং Microbial Fuel Cell নিয়ে কাজ শুরু করি। হঠাৎ বুঝতে পারলাম, ডায়াবেটিস রোগীদের জন্য গ্লুকোজ মাপার নতুন পদ্ধতি তৈরি করা সম্ভব। এটি আমাকে উদ্ভাবনের দিকে

ধাবিত করেছে। শুধু তাত্ত্বিক জ্ঞান নয়, বাস্তব সমস্যার সমাধান করতে শিখেছি।

আপনি Cytiva, Teva, Sartorius-এর মতো প্রতিষ্ঠানে কাজ করেছেন। এই অভিজ্ঞতা আপনাকে কিভাবে সাহায্য করেছে?

বাস্তব অভিজ্ঞতা আমাকে দেখিয়েছে কিভাবে সমস্যা সমাধান করতে হয়। টিমওয়ার্ক, মনিটরিং, এবং AI ব্যবহারের দক্ষতা কতটা গুরুত্বপূর্ণ, তা বুঝতে পেরেছি। AI আসছে, তবে মানুষের অবদান কমবে না। বাংলাদেশেও ফার্মাসিউটিক্যাল ও বায়োটেক খাতে উদ্ভাবন সম্ভব, যদি দক্ষ হিউমান রিসোর্সেস এবং উদ্যোগ থাকে।

যারা এখন এই খাতে ইমপ্যাক্ট তৈরি করতে চায়, তাদের জন্য আপনার পরামর্শ কী?

ধৈর্য ধরুন। সমস্যা চিন্তা করুন। জ্ঞান অর্জন করুন। বাস্তব প্রয়োগে মনোযোগ দিন। উদ্ভাবন সম্ভব, বাংলাদেশ থেকেও বিশ্বমানের অবদান আসতে পারে।

আমাদের সঙ্গে আলাপ করার জন্য অনেক ধন্যবাদ। পাঠকদের পক্ষ থেকে শুভকামনা।

ধন্যবাদ। আমি চাই শিক্ষার্থীরা উদ্ভাবনের জন্য আগ্রহী হোক, ভয় না পাক, এবং ধৈর্য ধরে কাজ করুক। যদি তারা নিজের কাজের মান বাড়ায়, সাফল্য নিশ্চয়ই আসবে।



**Listen to the full story
@KUBAA YouTube**

Opportunity Board: Internships | Grants | PhD | Jobs

KUBAA's Support Towards Your Next Step



Organization/Institution/Company: ICDDR, B
Position/Program Name: National Internship Program
Deadline: Open
Apply: <https://www.icddrb.org/internship-programmes>



Organization/Institution/Company: Global Network of Bangladeshi Biotechnologists (GNOBB)
Position/Program Name: AS Islam & GNOBB Endowment Research Grant 2026
Deadline: April 30, 2026
Apply: <https://gnobb.org/news/call-for-as-islam-gnobb-endowment-research-grant-proposals>



Organization/Institution/Company: National Institute of Biotechnology (NIB)
Position/Program Name: Research Internship Program
Deadline: 10–15 days before internship start date
Apply: <https://nib.gov.bd/pages/trainings/6922dcc6dbfbab28ce0614e8>



Organization/Institution/Company: The World Food Prize Foundation
Position/Program Name: Innovate for Impact Challenge | Startup Call | \$50,000 | \$10,000 | \$5,000
Deadline: April 15, 2026
Apply: <https://www.worldfoodprize.org/index.cfm?noDeID=96969&audienceID=1>

Opportunity Board: Internships | Grants | PhD | Jobs

KUBAA's Support Towards Your Next Step



One Platform, Many PhDs

Name: EURAXESS – EU Jobs & Opportunities

Why: A central platform to find funded PhD and research positions across Europe (MSCA, Horizon Europe, Erasmus+).

Apply:

<https://euraxess.ec.europa.eu/jobs/search>



Organization/Institution/Company: European Molecular Biology Laboratory (EMBL)

Position/Program Name: EMBL International PhD Programme (EIPP)

Deadline: 9 March 2026, 23:59 CET

Apply:

<https://www.embl.org/about/info/embl-international-phd-programme/application/>



Organization/Institution/Company: Korea Advanced Institute of Science and Technology (KAIST)

Position/Program Name: PhD Program in Biological Sciences

Deadline: March 2026 (Regular admission round)

Apply: <https://admission.kaist.ac.kr/intl-graduate/>



Organization/Institution/Company: MRC London Institute of Medical Sciences (LMS) / Imperial College London

Position/Program Name: 4-Year PhD Studentships (Biomedical & Life Sciences)

Deadline: 10 March 2026 (09:00)

Apply: <https://lms.mrc.ac.uk/work-and-study/studentships/lms-4-year-phd-studentships/>

Opportunity Board: Internships | Grants | PhD | Jobs

KUBAA's Support Towards Your Next Step



Organization/Institution/Company: United International University (UIU)

Position/Program Name: Assistant Professor – Biotechnology & Genetic Engineering

Deadline: April 24, 2024

Apply:

<https://www.uiu.ac.bd/career/assistant-professor-biotechnology-genetic-engineering/>



Organization/Institution/Company: Globe Pharmaceuticals Group

Position/Program Name: Scientific Officer – QC

Deadline: Not specified

Apply:

<https://www.linkedin.com/company/mybdjobs/jobs/>



Organization/Institution/Company: Metal Seeds Limited

Position/Program Name: Scientific Officer (Potato Tissue Culture)

Deadline: Not specified

Apply:

<https://www.linkedin.com/company/mybdjobs/jobs/>

ATTENTION

 Hiring in Biotech or Life Sciences?

Reach the right talent through our alumni newsletter.

Send your job post to info@kubaa.org and get featured in the next issue


Connecting you with skilled professionals from our network.

Science Breakthrough

A hope for NIPAH Virus

নিপা ভাইরাস (NiV) একটি প্রাণঘাতী জুনোটিক ভাইরাস, যা প্রধানত ফলখেকো বাদুড়ের মাধ্যমে ছড়ায়। মানুষের মধ্যে এই সংক্রমণ সাধারণত কাঁচা খেজুরের রস পান করা, অথবা সংক্রমিত প্রাণী ও আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসার ফলে ঘটে। ভাইরাসটি মানবদেহে প্রবেশের পর জ্বর, শ্বাসকষ্ট, মস্তিষ্কের সংক্রমণ (এনসেফালাইটিস) সহ গুরুতর জটিলতা সৃষ্টি করতে পারে, যা অনেক ক্ষেত্রেই প্রাণঘাতী হয়ে ওঠে। এই ভাইরাসের মৃত্যুহার প্রায় ৪০-৭৫ শতাংশ, যা এটিকে বিশ্বের অন্যতম উদ্বেগজনক সংক্রামক রোগে পরিণত করেছে। বাংলাদেশে প্রায় প্রতি শীত মৌসুমেই বিভিন্ন অঞ্চলে এর প্রাদুর্ভাব দেখা যায়, এবং এখন পর্যন্ত দেশের ৩৫টি জেলায় সংক্রমণ শনাক্ত হয়েছে। বিশেষ করে কাঁচা খেজুরের রস সংগ্রহ ও গ্রহণের সঙ্গে সংক্রমণের ঘনিষ্ঠ সম্পর্ক থাকায় জনসচেতনতা এখানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এখনও পর্যন্ত বাজারে নিপা ভাইরাসের জন্য অনুমোদিত কোনো নির্দিষ্ট ওষুধ বা ভ্যাকসিন নেই, ফলে চিকিৎসা মূলত লক্ষণভিত্তিক সহায়ক সেবার ওপর নির্ভরশীল। তবে আশার বিষয় হলো, University of Oxford, icddr,b এবং Coalition for Epidemic Preparedness Innovations (CEPI) যৌথভাবে ChAdOx1 NipahB ভ্যাকসিনের


Phase-II ক্লিনিক্যাল ট্রায়াল পরিচালনা করছে। এই গবেষণায় ১৮-৫৫ বছর বয়সী ৩০৬ জন সুস্থ স্বেচ্ছাসেবী অংশ নিচ্ছেন কার্যকারিতা আরও বিস্তৃতভাবে মূল্যায়ন করা হচ্ছে। এই ট্রায়ালকে বিশেষভাবে গুরুত্বপূর্ণ মনে করা হয়, কারণ এটি নিপা ভাইরাসের বিরুদ্ধে সম্ভাব্য প্রথম কার্যকর টিকা তৈরির দিকে একটি বাস্তব ও অগ্রসর পদক্ষেপ। যদি গবেষণার ফল ইতিবাচক হয়, তবে ভবিষ্যতে প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ, মৃত্যুহার কমানো এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সুরক্ষা দেওয়ার ক্ষেত্রে এটি একটি যুগান্তকারী অগ্রগতি হতে পারে।



Scientific Logic Challenge

Logic Challenge

একটি ল্যাবে তিনটি sample আছে — A,, B, এবং C ।



• A তে bacteria আছে ; B তে bacteriophage আছে ; C তে antibiotic আছে

- একজন গবেষক ভুল করে লেবেলগুলো মিশিয়ে ফেলেছেন। আপনি মাত্র একবার পরীক্ষা করে কীভাবে সঠিকভাবে তিনটি স্যাম্পল চিহ্নিত করবেন?



Scan to see the answer

আরও কোনো ইউনিক আইডিয়া জানা থাকলে ৩০ মার্চের মধ্যে আপনার নাম ও আইডি সহ পাঠিয়ে দিন:

bgeku95@gmail.com — নির্বাচিত হলে পরবর্তী সংখ্যায় প্রকাশ করা হবে।

Skills Corner

রিসার্চ লিটারেচার সার্চের প্রো টিপস



আপনার রিসার্চের ভিত্তি কি মজবুত?

আপনি জানেন কি?

সিস্টেমটিক রিভিউতে কি পরিমাণ ভুল থাকে!

- ✗ ভুল কি-ওয়ার্ড ব্যবহার
- ✗ একবচন/বহুবচন ভুল
- ✗ ভুল Boolean Operator ব্যবহার



(উৎস: Salvador-Oliván et al., 2019)



স্মার্ট সার্চ টেকনিক

ক. গুগল স্কলার (Google Scholar) মাস্টারক্লাস

- Exact Search: উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করুন।
উদাহরণ: "climate change effects"
- Boolean Logic: নির্দিষ্ট ফিল্টার ব্যবহার।
উদাহরণ: "Machine learning" AND healthcare
- AI Power: Scholar Labs-এর AI চ্যাটবক্স ব্যবহার করে সরাসরি প্রশ্ন করুন।

খ. পাওয়ারফুল টুলস (Tools to Use)

- Semantic Scholar (AI-Powered): এটি শুধু পেপার দেখায় না, বরং সাইটেশনের কনটেক্সট এবং গুরুত্বপূর্ণ পেপারের সামারি দেয়।
- ExCitation Plugin: ক্রোম বা ব্রেভ ব্রাউজারে এটি ব্যবহার করে সার্চ রেজাল্টেই দেখে নিন পেপারটি Q1, Q2 নাকি lower-ranked জার্নালের।

Community Connect | Profile Overview of 95 Batch

Name	Affiliation	Contact
Dr. Md. Morsaline Billah (950701)	Professor, Biotechnology & Genetic Engineering Discipline, Khulna University, Bangladesh	+880-1712-008393 ✉ morsaline@yahoo.com
Dr. Mohammad Iqbal H Bhuiyan (950702)	Assistant Professor of Neurology, LSU Health Shreveport, USA	+1-412-944-9852 ✉ mhb@pitt.edu
Miah Rahmat Ali (950703)	Senior Private Sector Specialist, Macroeconomics, Trade & Investment, The World Bank Group	+880-1713-017790 ✉ miahraahmat@gmail.com
Rathindra Nath Paul (950704)	FAVP at Bank Asia Ltd.	+880-1912-868862 ✉ rathin04bt@gmail.com
Bishwajit Sarker (950705)	Self-owned Business	+880-1912-745354 ✉ bishwajit77@yahoo.com
Shahid Muhammed Abdullah Al Masod (950707)	Manager, Life Science, Kuri and Company Private Limited	+880-1940-741344 ✉ smalmasood@yahoo.com
Dr. Mohammad Shahedur Rahman (950708)	Professor, Dept. of Biotechnology & Genetic Engineering, Jahangirnagar University	01766440000 ✉ rahmanms@gmail.com
Dr. Umme Salma Zohora (950709)	Professor, Dept. of Biotechnology & Genetic Engineering, Jahangirnagar University	+880-1782444345 ✉ zohoraus@gmail.com
Dr. Sarder Nasir Uddin (950710)	Professor at City Colleges of Chicago, USA	✉ uddin@bge.ku.ac.bd
Dr. Md. Emdadul Islam (950711)	Professor, Biotechnology & Genetic Engineering Discipline, Khulna University	+880-1712-773266 ✉ emdad950711@yahoo.com
Dr. Mostafa Zahid Sharif (950712)	Senior Scientist, VAX PR&D, Merck	+1-705-927-6743 ✉ mzsbt100@gmail.com
Dr. Mahmudul Hasan (950715)	Analytical Development Scientist, PolyPeptide Group, Sweden	✉ mahmudbt@yahoo.com
Dr. Tangir Ahamed (950716)	Head of CMC Development, HALIX, Leiden, Netherlands	+31-624971504 ✉ tangirahamed@yahoo.com
Kamal Hossain Paik (950717)	—	—
Dr. Kazi Mohammad Didarul Islam (950718)	Professor, Biotechnology & Genetic Engineering Discipline, Khulna University, Bangladesh	01726-852004 ✉ didar950718@yahoo.com
Dr. Md. Tawhidur Rahman (950719)	Professional Research Associate, University of Saskatchewan	+1-306-850-1747 ✉ rahman.tawhidur@gmail.com
Dr. Sailendra Nath Sarma	Research Biologist, Environment and Climate Change Canada	+1-613-219-7076 ✉ sumansarma@gmail.com

Community Connect | 95 Batch Lifetime Members

KHULNA UNIVERSITY BIOTECHNOLOGY AND GENETIC ENGINEERING ALUMNI ASSOCIATION (KUBAA)

95



Welcome our Lifetime Member!

Md. Morsaline Billah

Professor and Head of the BGE Discipline at KU; President of KUBAA.

morsaline@bge.ku.ac.bd



ID: 950701

M. Iqbal Bhuiyan

Assistant Professor of Neurology at LSU Health Shreveport, USA

iqbalhbm@gmail.com



ID: 950702

Miah Rahmat Ali

Senior Private Sector Specialist at The World Bank

miahrahmat@gmail.com



ID: 950703

M. Shahedur Rahman

Professor in the Department of BGE at JU; Executive Member of KUBAA.

rahmanms@gmail.com



ID: 950708

Mostafa Zahid Sharif

Senior Scientist in Vaccine Process Development at Merck & Co., USA.

mzsbt100@gmail.com



ID: 950712

Tawhidur Rahman

Professional Research Associate at the University of Saskatchewan, Canada

rahman.tawhidur@gmail.com



ID: 950719

S. Nath Sarma


Technologist/Advisor, Scientific Support at Environment and Climate Change, Canada

sumansarma@gmail.com



ID: 950720

Batch-95



Achievement Spotlight



NATIONAL SCIENCE AND TECHNOLOGY (NST) FELLOWSHIP

KUBAA proudly recognizes the following MS'25 batch members for receiving the NST Fellowship. This fellowship will strengthen their research and academic journey.

- Aunwasha Sahani
- Md. Shamiul Sharif Ahmed
- Shahana Azad Meem
- Taslima Khatun
- Ashik Iqbal Faruky
- Tonima Rahman Tuli
- Shabnam Mustari
- Asma Sadia Suchi

Outstanding Design Appreciation

KUBAA congratulates **Sobuj Paul** from 21 Batch, for his outstanding calendar design selected for the Khulna University Academic Calendar-2026 among all entries.

Call to Action



Home

About Messages Members Committee Gallery Events More

Become a member? Click here >

<https://www.kubaa.org/register.php>

